



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২৬/০৩/২০২১

### পাবিপ্রবিতে ২৫ মার্চের কালোরাত্রি স্মরণ

(২৫-০৩-২০২১): ১৯৭১ সালের ২৫ মার্চের কালোরাত্রিতে পাকিস্তান হানাদার বাহিনীর গণহত্যার কালো রাত্রিকে স্মরণ করেছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ২৫ মার্চ রাতে শহীদদের স্মরণে প্রদীপ প্রজ্জ্বলন করা হয়।



২৫ মার্চ কালোরাত্রির গণহত্যার শহীদদের স্মরণে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্বাধীনতা চত্বরে প্রদীপ প্রজ্জ্বলন করে বিশ্ববিদ্যালয় পরিবার।

এ সময় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী বলেন, ২৪ বছর ধরে বঙ্গবন্ধু বাঙালি জাতিকে স্বাধীনতা যুদ্ধের জন্য প্রস্তুত করছিলেন। যার চূড়ান্ত ধাপ ছিল ৭ মার্চের ভাষণ। এরপর থেকেই হানাদার বাহিনী বাঙালির উপর নির্যাতন শুরু করে। ২৫ মার্চ রাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্রেফতারের আগে স্বাধীনতার ঘোষণা দেন। আগে থেকেই প্রস্তুত হানাদার বাহিনী এরপর ঝাপিয়ে পরে নিরীহ বাঙালির উপর। ঘটে যায় পৃথিবীর ইতিহাসে জঘন্যতম হত্যাকাণ্ড। দলমত নির্বিশেষে সবাইকে বর্বরতমভাবে হত্যা করে। পিশাচ পাকিস্তানী বাহিনী কেবল হত্যা করেই খ্যাস্ত হয়নি, হাজার হাজার মা বোনকে অত্যাচার করে ও বাড়িঘর জ্বালিয়ে দেয়। বঙ্গবন্ধুর নির্দেশে বাঙালি প্রতিরোধ যুদ্ধ গড়ে তোলে। তারপর নয়মাসের যুদ্ধে বাঙালি বঙ্গবন্ধুর ডাকে বাংলাদেশ নামের রাষ্ট্রের বিজয় অর্জন করেন। তিনি এই নৃশংস গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি দাবী জানান।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ বলেন, ১৯৭১ সালের একটি চক্র বাংলাদেশের বিরোধীতা করে ছিল। আজ তারাই সক্রিয় হয়ে দেশের বিরোধীতা করছে। আমরা সবাই সচেতন হব দেশকে এগিয়ে নেব। আরো বক্তব্য দেন ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মাহমুদ চৌধুরী আসিফ ও সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম বাবু। তারপর রাত ৯ টা থেকে ৯ টা ১ মিনিট পর্যন্ত বাতি নিভিয়ে শহীদদের স্মরণ করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

বার্তা প্রেরক-

স্বাক্ষরিত/-

মোঃ ফারুক হোসেন চৌধুরী

উপ পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।